

া সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ১২৪৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৩২৩, ১৩২৪]

२०/ जानाया (کتاب الجنائز)

পরিচ্ছেদঃ ৮৪০. জানাযার অনুগমণ করার ফযীলত।

باب فَضْلِ اتِّبَاعِ الْجَنَائِزِ

আরবী

বাংলা

وَقَالَ زَيْدُ بْنُ ثَابِت رَضِيَ اللَّهُ عَنْهُ إِذَا صَلَّيْتَ فَقَدْ قَضَيْتَ الَّذِي عَلَيْكَ. وَقَالَ حُمَيْدُ بْنُ هِلاَلٍ مَا عَلِمْنَا عَلَى الْجَنَازَةِ إِذْنًا، وَلَكِنْ مَنْ صَلَّى ثُمَّ رَجَعَ فَلَهُ قِيرَاطٌ

যায়দ ইবন সাবিত (রাঃ) বলেন, জানাযার সালাত আদায় করলে তুমি তোমার কর্তব্য পালন করলে। হুমাইদ ইবন হিলাল (রহঃ) বলেন, জানাযার সালাতের পর (চলে যাওয়ার ব্যাপারে) অনুমতি গ্রহণের কথা আমার জানা নেই, তবে যে ব্যক্তি সালাত আদায় করে চলে যায়, সে এক কীরাত (সাওয়াবের) অধিকারী হয়)।

১২৪৪। আবৃ নু'মান (রহঃ) ... নাফি' (রহঃ) থেকে বর্ণিত, তিনি বলেন, ইবনু উমর (রাঃ) এর নিকট বর্ণনা করা হল যে, আবৃ হুরায়রা (রাঃ) বলে থাকেন, যিনি জানাযার অনুগমণ করবেন তিনি এক কীরাত (পরিমাণ) সাওয়াবের অধিকারী হবেন। তিনি বললেন, আবৃ হুরায়রা (রাঃ) আমাদের বেশ বেশী হাদীস শোনান। তবে আয়িশা (রাঃ) এ বিষয়ে আবৃ হুরায়রা (রাঃ) কে সমর্থন জানিয়েছেন। তিনি বলেছেন, আমিও রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে এ হাদীস বলতে শুনেছি। ইবনু উমর (রাঃ) বললেন, তা হলে তো আমরা অনেক কীরাত (সাওয়াব) হারিয়ে ফেলেছি।



English

Narrated Nafi`:

Ibn `Umar was told that Abu Huraira said, "Whoever accompanies the funeral procession will have a reward equal to one Qirat." Ibn `Umar said, "Abu Huraira talks of a too enormous reward." Aisha attested Abu Huraira's narration and said, "I heard Allah's Messenger () saying like that." Ibn `Umar said, "We have lost numerous Qirats."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন 🛘 বর্ণনাকারীঃ নাফি' (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন